# রাজশাহী বিশ্ববিদ্যালয় রাজশাহী

www.ru.ac.bd

# শিক্ষক নিয়োগ পুনঃবিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নং-০৮/২০২৫ তারিখ: ১৫.১০.২০২৫

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের মৃৎশিল্প ও ভাস্কর্য বিভাগে নিম্নবর্ণিত পদসমূহ পূরণের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। উক্ত বিভাগে যাঁরা ইতোপূর্বে আবেদন করেছেন তাঁদের আর নতুন করে আবেদনের প্রয়োজন নেই।

| | | | |
|---|---|---|---|
| বেতনক্রম | প্রভাষক পদে | টা. ২২০০০-৫৩০৬০/- | প্রচলিত ভাতাদি, অষ্টম জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী |

| ক্র.নং | বিভাগের নাম | পদের নাম | পদের সংখ্যা |
|---|---|---|---|
| ১. | মৃৎশিল্প ও ভাস্কর্য | প্রভাষক (মৃৎশিল্প ও ভাস্কর্য) | ০৭ (সাত) টি স্থায়ী পদ (মৃৎশিল্প ডিসিপ্লিন/ভাস্কর্য ডিসিপ্লিন থেকে ০৪ (চার) বছর মেয়াদী বিএফএ অনার্সসহ সংশ্লিষ্ট ডিসিপ্লিনে মাস্টার্স ডিগ্রি থাকতে হবে।) |
| | | প্রভাষক (শিল্পকলার ইতিহাস) | ০২ (দুই)টি স্থায়ী পদ (চারুকলা অনুষদভূক্ত বিভাগসমূহের যে কোনো একটি ডিসিপ্লিন থেকে ০৪ (চার) বছর মেয়াদী বিএফএ অনার্স ও শিল্পকলার ইতিহাস বিষয়ে মাস্টার্স ডিগ্রি থাকতে হবে।) |

উপর্যুক্ত পদে নিয়োগের জন্য শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, আবেদন ফি এবং আবেদন পদ্ধতির বিস্তারিত বিবরণ রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.ru.ac.bd)-এর job.ru.ac.bd লিঙ্কে পাওয়া যাবে। Online পদ্ধতিতে আবেদন প্রক্রিয়া সম্পন্ন করে ০৬ (ছয়) সেট দরখাস্ত ০৯.১১.২০২৫ তারিখ বিকাল ৫:০০ টার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে পৌঁছাতে/জমা দিতে হবে।

**প্রফেসর ড. ইফতিখারুল আলম মাসউদ**
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
রাজশাহী বিশ্ববিদ্যালয়
Email: registrar@ru.ac.bd

## শিক্ষাগত যোগ্যতা (প্রভাষক পদের জন্য)

১. ক) প্রভাষক পদে আবেদনকারী প্রার্থীর স্ব-স্ব বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক/স্নাতক(সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স ডিগ্রি থাকতে হবে।

খ) স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম যে কোন একটিতে ৩.৫০ এবং অপরটিতে ন্যূনতম ৩.২৫ থাকতে হবে। সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীর ক্ষেত্রে স্নাতক/স্নাতক(সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় যে কোন একটিতে প্রথম শ্রেণি এবং অপরটিতে ন্যূনতম ৫৫% থাকতে হবে।

গ) স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষার ফলাফলে মেধাতালিকায় কেবল প্রথম হতে সপ্তম স্থান অধিকারী প্রার্থী আবেদন করতে পারবেন। তবে বিষয় ভিত্তিক ওয়ার্ল্ড র‍্যাংকিং-এ প্রথম ২০০-এর মধ্যে স্থানপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হতে ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে মেধা তালিকার এ ক্রমধারা শিথিলযোগ্য।

ঘ) স্নাতকোত্তর/মাস্টার্স পর্যায়ে থিসিস গ্রুপ থেকে উত্তীর্ণ আবেদনকারী প্রার্থী অগ্রাধিকার পাবেন।

**বিশেষ দ্রস্টব্য**

১. ইতোপূর্বে প্রকাশিত বিজ্ঞপ্তি দুইটিতে যারা আবেদন করেছেন প্রযোজ্য ক্ষেত্রে তাদের শুধুমাত্র অনলাইনে আবেদন করতে হবে। আবেদনপত্রের হার্ডকপি জমা দেয়ার প্রয়োজন নেই। তবে ইতোপূর্বে আবেদনকারীদের কেউ অতিরিক্ত যোগ্যতার তথ্যাবলী যুক্ত করতে চাইলে নতুনভাবে আবেদন করতে পারবেন।

২. কর্মরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৩. অসম্পূর্ণ আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৪. নিয়োগ বোর্ড নথিপত্র যাচাই-বাছাই ও সাক্ষাৎকারের মাধ্যমে প্রভাষক পদে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করবে। তবে প্রয়োজনে সাক্ষাৎকারের পূর্বে ডেমোনেস্ট্রেশন/লিখিত পরীক্ষার ব্যবস্থা করা যেতে পারে।

৫. স্নাতক/স্নাতক (সম্মান)-এর সিজিপিএ ও স্নাতকোত্তর/মাস্টার্সে জিপিএ-এর ক্ষেত্রে দশমিকের পরে তিন ডিজিট থাকলে এবং তৃতীয় ডিজিট ৫ বা তদুর্ধ্ব হলে দ্বিতীয় ঘরে ১ যোগ হবে। সেক্ষেত্রে ফলাফল দশমিকের পর দুই ডিজিট নিয়ে বিবেচিত হবে।

৬. বিদেশি বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীদের দুটো মিলিয়ে ন্যূনতম পাঁচ বছর মেয়াদী শিক্ষা কার্যক্রম সম্পন্ন করতে হবে।

৭. প্রয়োজন মনে করলে কোনো বিভাগ নিয়োগ বিজ্ঞপ্তিতে বিশেষ/অতিরিক্ত শর্তারোপের সুপারিশ করতে পারবে।

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
রাজশাহী বিশ্ববিদ্যালয়